

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪৮.২০১৩-

তারিখঃ ----- খ্রিঃ।

বিষয় : জনাব ডি,এম ওবাইদুল ইসলাম, অফিস সহায়ক-এর জেলে আটক থাকাকালীন সময়ের ছুটি মঞ্জুরের আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর, ক্ষেতলাল, জয়পুরহাট-এর অফিস সহায়ক, জনাব ডি,এম ওবাইদুল ইসলাম-কে এ অধিদপ্তরের ২১-৪-২০১৬ খ্রিঃ তারিখের ৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪৮.২০১৩-১০৫ সংখ্যক আদেশে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হয় এবং তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হয়। তার হাজতবাস সময়ের বিষয়টি ছুটিবিধি অনুযায়ী নিষ্পত্তিযোগ্য মর্মে আদেশে উল্লেখ করা হয়। জনাব ডি,এম ওবাইদুল ইসলাম হাজতবাসকাল ২০-৫-২০১৩ খ্রিঃ হতে ১৬-০৬-২০১৩ খ্রিঃ পর্যন্ত স্ববেতনে ছুটি হিসেবে মঞ্জুরের জন্য আবেদন করেন। উল্লিখিত কর্মচারী ফৌজদারী মামলার কারণে ২০-৫-২০১৩ খ্রিঃ হতে ১৬-০৬-২০১৩ খ্রিঃ পর্যন্ত জেল হাজতে থাকেন। উক্ত ফৌজদারী মামলা এখনো নিষ্পত্তি না হওয়ায় বিএসআর পাট-১ এর বিধি ৭৩ মোতাবেক তার হাজতবাসকাল স্ববেতনে ছুটি হিসেবে মঞ্জুরের সুযোগ নেই।

০২। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-

(শিশির কুমার রায়)

যুগ্ম-সচিব

পরিচালক(প্রশাসন ও অর্থ)

ফোন : ৯৫৫০৮৬৩

জনাব ডি,এম ওবাইদুল ইসলাম
অফিস সহায়ক
যুব উন্নয়ন অধিদপ্তর
ক্ষেতলাল, জয়পুরহাট।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪৮.২০১৩-২১২

তারিখঃ -০১-৮-২০১৬খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জয়পুরহাট।

০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি)যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।

০৩। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে পত্রের কপি সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।

০৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ক্ষেতলাল, জয়পুরহাট।

০৫। উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর, ক্ষেতলাল, জয়পুরহাট।

০৬। জনাব ডি,এম ওবাইদুল ইসলাম, অফিস সহায়ক, যুব উন্নয়ন অধিদপ্তর, ক্ষেতলাল, জয়পুরহাট।

০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৮। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃংখলা)
ফোন : ৯৫৫১৮৫৯